

First I2U2 (India-Israel-UAE-USA) Leaders' Virtual Summit

July 12, 2022

প্রথম 12ইউ2 (ভারত-ইজরায়েল-সংযুক্ত আরব আমির শাহী-মার্কিন যুক্তরাষ্ট্র) নেতাদের ভার্চুয়াল শীর্ষ সম্মেলন
জুলাই 12, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, ইজরায়েলের প্রধানমন্ত্রী ইয়াইর লাপিড, ইউএই-র প্রেসিডেন্ট শেখ মোহাম্মেদ বিন জায়েদ নাহয়ান এবং ইউএসএ-র প্রেসিডেন্ট জোসেফ আর বাইডেন-এর সাথে একসাথে এক 12ইউ2 শীর্ষসম্মেলনে অংশগ্রহণ করবেন। 12ইউ2-নেতাদের প্রথম শীর্ষ সম্মেলন 14ই জুলাই 2022 তারিখে ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে। 18 ই অক্টোবর 2021-এ চারটি দেশের বিদেশমন্ত্রীদের বৈঠকের সময় এই 12ইউ2 দল গঠনের ধারণাটি তৈরি হয়েছিল। সহযোগিতার সম্ভাব্যক্ষেত্রগুলি নিয়ে নিয়মিতভাবে আলোচনা করার জন্য প্রতিটি দেশ শেরপা পর্যায়ের পারস্পরিক আদানপ্রদানও করে।

2. 12ইউ2 –র লক্ষ্য হল, জল, শক্তি, পরিবহন, মহাকাশ, স্বাস্থ্য এবং খাদ্য সুরক্ষার মত পারস্পরিক চিহ্নিত ছয়টি ক্ষেত্রে যৌথ লগ্নিকরণে উৎসাহ প্রদান করা। এটি, আমাদের শিল্পগুলির জন্য পরিকাঠামোর আধুনিকীকরণ এবং লো কার্বন বিকাশের পথ, জনস্বাস্থ্যের উন্নতি এবং জটিল উদীয়মান এবং গ্রীণ এনার্জি উন্নয়নে সহায়তা করার জন্য বেসরকারি পুঁজি এবং দক্ষতাকে সচল করতে চায়।

3. নেতারা 12ইউ2 –র কাঠামোর মধ্যে সম্ভাব্য যৌথ প্রকল্পগুলি নিয়ে আলোচনা করবেন, পাশাপাশি আমাদের নিজ নিজ অঞ্চলের মধ্যে ও তার বাইরে পারস্পরিক স্বার্থের অন্যান্য অভিন্ন ক্ষেত্রগুলিতে বাণিজ্য এবং বিনিয়োগে অর্থনৈতিক অংশীদারিত্বকে শক্তিশালী করার জন্য আলোচনা করবেন। এই প্রকল্পগুলি অর্থনৈতিক সহযোগিতার জন্য একটি মডেল হিসেবে কাজ করতে পারে এবং ব্যবসায়ী ও কর্মীদের জন্য সুযোগ প্রদান করে।

নিউ দিল্লি

জুলাই 12, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.